গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমঃ রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/ ১৫৪ তারিখ ঃ-২৮/০৩/২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয় ঃ- প্যাকেজিং শিল্পে ব্যবহৃত স্টার্চ এর এইচ.এস.হেডিং এবং বন্ড সুবিধায় খালাসযোগ্যতা বিষয়ে উদ্ভূত জটিলতার পরিপ্রেক্ষিতে।

সূত্র: বিজিএপিএমইএ এর পত্র নং-বিজিএপিএমইএ/জারাবো/২০২৩, তারিখ: ০৭/০২/২০২৩খ্রি.

০২। উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রে উল্লিখিত প্যাকেজিং শিল্পে ব্যবহৃত স্টার্চ এর এইচ.এস.হেডিং এবং হেডিং অনুসারে বন্ড সুবিধায় খালাসযোগ্যতা বিষয়ে উদ্ভূত জটিলতার বিষয়ে আলোচনার লক্ষ্যে বিগত ১২/০৩/২০২৩ খ্রি. তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্যাকেজিং শিল্পের ক্ষেত্রে বিভিন্ন গ্রেডের স্টার্চ ও মডিফাইড স্টার্চ ব্যবহারের প্রয়োজন হতে পারে বিধায় প্রযোজ্যতা অনুসারে প্যাকেজিং উৎপাদনকারী বন্ডেড প্রতিষ্ঠান সমূহের অনুকূলে বাংলাদেশে কাস্টমস ট্যারিফ সিডিউলের ১১ অধ্যায়ের ১১.০৮ হেডিং এবং ৩৫ অধ্যায়ের ৩৫.০৫ ও ৩৫.০৬ হেডিংভুক্ত স্টার্চ ও মোডিফাইড স্টার্চ এর বিপরীতে বন্ডের আওতায় আমদানি প্রাপ্যতা প্রদান করা যাবে। তবে এক্ষেত্রে অবশ্যই সহগ অনুযায়ী এবং ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে যৌক্তিকভাবে প্রাপ্যতার পরিমাণ নির্ধারণ করতে হবে। এতদ্ব্যতীত, সামগ্রিকভাবে বন্ড সুবিধার অপব্যবহার রোধকল্পে অডিটসহ কার্যকর ঝুঁকি ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। এ প্রেক্ষিতে ইতোপূর্বে কোন কমিশনারেট হতে আলোচ্য সভার সিদ্ধান্ত হতে ভিন্নতর কোন আদেশ জারী করা হয়ে থাকলে তা বাতিলকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে-------পাতা।

(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:
১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
৪-৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি (কমলাপুর)/বেনাপোল/মোংলা/পানগাঁও।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/ তারিখঃ ২৮/০৩/২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি:

১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)।
২। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩-৪। অফিস কপি/গার্ড কপি।

(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

সভার কার্যবিবরণী

বিষয়ঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্যাকেজিং শিল্পে ব্যবহৃত স্টার্চ এর এইচ.এস.হেডিং এবং বন্ড সুবিধায় খালাসযোগ্যতা বিষয়ে উদ্ভূত জটিলতার পরিপ্রেক্ষিতে সভার কার্যবিবরণী।

তারিখ ও সময় : ১২ মার্চ, ২০২৩ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতি : জনাব হোসেন আহমদ
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), কক্ষ নং-৫০৮, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্থান : জাতীয় রাজস্ব বোর্ডের সভাকক্ষ (কক্ষ নং-৫০৭)

বিগত ১২/০৩/২০২৩ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) মহোদয়ের সভাপতিত্বে প্যাকেজিং শিল্পে ব্যবহৃত স্টার্চ এর এইচ.এস.হেডিং এবং বন্ড সুবিধায় খালাসযোগ্যতা বিষয়ে উদ্ভূত জটিলতার পরিপ্রেক্ষিতে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কাস্টমস বন্ড কমিশনারেট-ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম, কাস্টম হাউজ-ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি(কমলাপুর)/পানগাঁও, বিজিএপিএমইএ এর প্রতিনিধিগণ এবং জাতীয় রাজস্ব বোর্ড এর কাস্টমস রপ্তানি ও বন্ড শাখার প্রথম ও দ্বিতীয় সচিব অংশগ্রহণ করেন। সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট-ক তে সংযুক্ত।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সংক্ষেপে সভার প্রেক্ষাপট বর্ণনা করেন। বাংলাদেশ কাস্টমস ট্যারিফ সিডিউলের ১১ অধ্যায়ের ১১.০৮ হেডিংভুক্ত ৬টি এইচ.এস.কোড-এ স্টার্চ এবং ৩৫ অধ্যায়ের ৩৫.০৫ ও ৩৫.০৬ হেডিংভুক্ত ৪টি এইচ.এস.কোড এ মডিফাইড স্টার্চের বর্ণনা রয়েছে যা প্যাকেজিং উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ কার্টনের গ্লু তৈরীর জন্য আমদানি করে থাকে। গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং উৎপাদনকারী প্রতিষ্ঠানের কাঁচামাল হিসেবে বন্ড সুবিধার আওতায় স্টার্চ ও মডিফাইড স্টার্চ এর অনুমোদন ও প্রাপ্যতা দেওয়া হয়। তবে, ১১.০৮ এবং ৩৫.০৫ হেডিংভুক্ত স্টার্চ ও মডিফাইড স্টার্চ মূলত: Food grade বিধায় এবং Food Industry তে ব্যবহারের উপযোগিতা থাকায় প্যাকেজিং শিল্পে অর্থাৎ Industrial Purpose এ খালাসযোগ্য হবে কি না সে বিষয়ে জটিলতার উদ্ভব হওয়ায় এ বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডের নিকট নির্দেশনা চাওয়া হয়। অপরদিকে বিজিএপিএমইএ তাদের পত্রে ১১.০৮ (স্টার্চ) বা ৩৫.০৫/৩৫.০৬ (মডিফাইড স্টার্চ) উভয় স্টার্চই প্যাকেজিং শিল্পে গ্লু তৈরীর কাজে ব্যবহৃত হতে পারে এবং ১১.০৮ হেডিংয়ে আমদানিকৃত স্টার্চের মধ্যে ৩৫.০৫ বা ৩৫.০৬ হেডের মডিফাইড স্টার্চের তুলনায় ৪.৫ গুন স্টার্চ বেশি থাকার ফলে ১১.০৮ হেডের স্টার্চ দ্বারা গ্লু তৈরীতে অধিক সাশ্রয় হয় উল্লেখপূর্বক স্টার্চ ও মডিফাইড স্টার্চ যে অধ্যায়ের হেডিংয়েই অন্তর্ভুক্ত হোক না কেন সেটি বন্ডের আওতায় আমদানি করা হলে বিনাশুল্কে এবং দ্রুত খালাসের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করেন। এ পরিপ্রেক্ষিতে বিষয়টি পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য আলোচ্য সভা আহবান করা হয়েছে।

৩। আলোচনার শুরুতে সভাপতি মহোদয় Food grade Starch অর্থাৎ হেডিং ১১.০৮ ভুক্ত স্টার্চ যদি বন্ড সুবিধায় আমদানি করা হয় সেক্ষেত্রে কী ঝুঁকি রয়েছে তা জানতে চান। এসময় তিনি আরো বলেন যে, ফুড গ্রেড ও ইন্ডাস্ট্রিয়াল গ্রেড উভয় স্টার্চের মধ্যে সাধারণত ইন্ডাস্ট্রিয়াল গ্রেড স্টার্চের মূল্য বেশি এবং শুল্ক হারও বেশি। এক্ষেত্রে ফুড গ্রেড স্টার্চ আসলে প্যাকেজিং শিল্পে ব্যবহারের প্রয়োজন আছে কী না এবং এটি মেশিনে ব্যবহার উপযোগী কি না

তা তিনি জানতে চান। এর জবাবে বিজিএপিএমইএ এর প্রতিনিধিগণ জানান যে, স্টার্চ ফুড ইন্ডাস্ট্রি ও প্যাকেজিং ইন্ডাস্ট্রি উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হতে পারে। এ প্রসঙ্গে তারা চট্টগ্রাম কাস্টম হাউস হতে ১৭/০৪/২০২২তারিখে নথি নং-১৬৫০/এ সেকশন-৮(সি)/২১-২২/৩৫০০৬ মোতাবেক আমদানিকৃত স্টার্চের একটি নমুনা বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং টেকনোলজি (বুয়েট) তে রাসায়নিক পরীক্ষার জন্য প্রেরণের পরিপ্রেক্ষিতে বুয়েট কর্তৃক প্রদত্ত রিপোর্টের সূত্র উল্লেখ করে জানান যে, উক্ত রিপোর্ট অনুযায়ী পরীক্ষিত নমুনায় ৮৯.৩৩% অর্গানিক যৌগ/স্টার্চ ছিল। অর্থাৎ নমুনাটি ১১.০৮ হেডিংয়ের স্টার্চ। উক্ত প্রতিবেদনে বলা হয়েছিল যে, নমুনার স্টার্চ টেক্সটাইল শিল্পে ফিনিশিং এজেন্ট হিসেবে ব্যবহার করা যেতে পারে অর্থাৎ ১১.০৮ (স্টার্চ)বা ৩৫.০৫/৩৫.০৬ (মডিফাইড স্টার্চ) উভয় স্টার্চই ইন্ডাস্ট্রিয়াল ব্যবহারের উপযোগী।

৪। এ পর্যায়ে কাস্টম হাউস, চট্টগ্রাম এর অতি: কমিশনার জানান এইচ.এস. হেডিং ৩৫.০৫ হেডিং ভুক্ত পণ্যের MSDS/TDS পর্যালোচনায় প্রায়ই Sulpher Di oxide খুব নিম্ন মাত্রায় (সর্বোচ্চ ৩০ পিপিএম) এবং ঠান্ডা পানিতে অদ্রবনীয় হওয়ায় ১১.০৮ ভুক্ত স্টার্চ (১১.০৮ ভুক্ত স্টার্চ এর বৈশিষ্ট্য Insoluble in cold water) অথবা ৩৫.০৫ হেডিংভুক্ত Food Grade হওয়ার সম্ভাবনা থাকায় রাসায়নিক পরীক্ষণের জন্য বহি: ল্যাবে প্রেরণ করা হলে পরীক্ষা প্রতিবেদন প্রায়শ পণ্যসমূহ Food Grade ভুক্ত স্টার্চ ও মডিফাইড স্টার্চ উল্লেখ করা হয় যা Food Industry তে ব্যবহার উপযোগী। বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য স্টার্চ ও মডিফাইড স্টার্চ শুল্কায়নের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট বরাবর বিভিন্ন সময় পত্র প্রেরণপূর্বক করা হলে বন্ড কমিশনারেটসমূহের মতামতের আলোকে ব্যবস্থা গ্রহণ করা হয়। গত ৮/১/২০২৩ খ্রি. তারিখে চট্টগ্রাম কাস্টম হাউজের এসেসমেন্ট কমিটির একটি সভায় তারা এ মর্মে সিদ্ধান্ত উপনীত হন যে, আমদানিকৃত পণ্য ৩৫.০৫ হেডিংভুক্ত ইন্ডাস্ট্রিয়াল গ্রেডের স্টার্চ হলে প্রাপ্যতা সাপেক্ষে বন্ড সুবিধায় খালাসযোগ্য। তবে, এইচ.এস.হেডিং ৩৫.০৫ (ফুড গ্রেড) ভুক্ত হলে এবং এইচ.এস.হেডিং ১১.০৮ ভুক্ত হলে বন্ড সুবিধার আওতায় ছাড়যোগ্য হবে কি না সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক তারা ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। এ সময় সভাপতি মহোদয় জানতে চান, ফুড গ্রেড স্টার্চ খালাস করা হলে তাতে কী সমস্যা হতে পারে বা আদৌ কোন সমস্যার উদ্ভব হবে কি না। এ প্রেক্ষিতে, কমিশনার কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (দক্ষিণ) জানান, এক্ষেত্রে আমদানিকৃত স্টার্চ ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার হতে পারে। যে কারণে বন্ড কমিশনারেট হতে অনেক পূর্বে একটি পত্র জারির মাধ্যমে প্যাকেজিং শিল্পে ফুড গ্রেড স্টার্চে আমদানিকে নিরুৎসাহিত করা হয়েছিল। সভাপতি মহোদয় বন্ড হতে জারিকৃত উক্ত পত্রটি বর্তমান সময়ে বহাল রাখার পক্ষে যৌক্তিকতা রয়েছে কি না তা জানতে চান। এ সময় তিনি কাস্টম হাউস, বেনাপোল এর উপ-কমিশনার এর নিকট জানতে চান যে, প্যাকেজিং ইন্ডাস্ট্রিতে ফুড গ্রেড স্টার্চ ব্যবহৃত হতে পারে কী না। জবাবে উপ কমিশনার, বেনাপোল কাস্টম হাউস জানান যে, স্টার্চ এর ব্যাপক ভিত্তিক ব্যবহার রয়েছে। স্টার্চ ও মডিফাইড স্টার্চ উভয়ই ফুড গ্রেড হতে পারে এবং উভয়ই প্যাকেজিং ইন্ডাস্ট্রিতে ব্যবহৃত হতে পারে। সদস্য মহোদয় পুনরায় বন্ড কমিশনারেট হতে জারিকৃত পত্রটি প্রত্যাহার করা উচিত কী না সে বিষয়ে সভার মতামত জানতে চান। এ সময় কমিশনার কাস্টমস বন্ড কমিশনারেট দক্ষিণ জানান যে, পত্রটির কোন কপি কমিশনারেট কার্যালয়ে পাওয়া যায়নি, এমনকি বিজিএপিএমইএ এর নিকট পত্রটি মৌখিকভাবে চাওয়া হলে তারাও পত্রটি দেখাতে পারেন নি। বিজিএপিএমইএ এর প্রতিনিধিগণ জানান, পত্রটির সূত্র কাস্টমস বন্ড কমিশনারেট এবং কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্রে একাধিকবার উল্লেখ করা হয়েছে। এতে প্রতীয়মান হয় যে, পত্রটির কার্যকারিতা এখনও বহাল রয়েছে। স্টার্চ ও মডিফাইড স্টার্চ যাই হোক না কেন তা অটো কার্টন (মেশিনে উৎপাদিত কার্টন) বা নন অটো কার্টন উভয় প্রকার কার্টন তৈরীতে ব্যবহৃত হতে পারে। উভয় ধরণের স্টার্চের সাথেই আরো কয়েক প্রকার উপকরণ যোগ করে গ্লু তৈরী করা হয়। তিনি বলেন, বন্ড কমিশনারেট হতে বিশেষ একটি ঘটনার পরিপ্রেক্ষিতে আলোচ্য পত্রটি জারী করার ফলে স্টার্চ খালাসকরণের ক্ষেত্রে বর্তমান সঙ্কটটির উদ্ভব হয়েছে। প্যাকেজিং স্টার্চে ফুড গ্রেড স্টার্চের আমদানির ফলে যদি কোন অপব্যবহার হয়ে থাকে বা অপব্যবহারের আশঙ্কা থাকে সেক্ষেত্রে বন্ড কমিশনারেটের সে বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের ক্ষমতা রয়েছে।

৬। এ পর্যায়ে কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রামে বলেন যে, সকল ধরণের স্টার্চেরই (ফুড গ্রেড বা কেমিক্যাল/ননফুড গ্রেড এবং মডিফাইড বা নন মডিফাইড) দ্বিমুখী ব্যবহার রয়েছে এবং দীর্ঘদিন ধরেই এগুলো ইন্ডাস্ট্রিয়াল খাতে ব্যবহৃত হয়ে আসছে। বর্ণিত পত্রটি জারীর পূর্বে এক্ষেত্রে কোন ধরণের জটিলতা তৈরী হয়নি। স্টার্চের তুলনায় অনেক বেশি ঝুঁকিপূর্ণ আইটেমও বন্ডের আওতায় খালাস করা হয় এবং বন্ড ব্যবস্থার আওতায় ঝুঁকি নিরূপণ এবং ঝুঁকি ব্যবস্থাপনার দায়িত্ব অনেকাংশেই সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটের। মডিফাইড স্টার্চ, নন মডিফাইড (সাধারণ) স্টার্চসহ সকল ধরণের স্টার্চ কেমিক্যাল, টেক্সটাইল, প্যাকেজিং, খাদ্য শিল্পসহ বিভিন্ন ইন্ডাস্ট্রিতে ব্যবহার করা যায়। এক্ষেত্রে যে পত্রটির কারণে স্টার্চের প্রাপ্যতা প্রদানে জটিলতা উদ্ভব ঘটেছে তা সংশ্লিষ্ট দপ্তর হতে বাতিল করে স্ব স্ব দপ্তরের নিজস্ব ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে বন্ডের আওতায় স্টার্চ খালাসের সম্ভাব্য ঝুঁকি নিয়ন্ত্রণ করা সম্ভব।

৭। এ পর্যায়ে বিজিএপিএমইএ এর প্রতিনিধি বলেন, স্টার্চের ব্যবহার প্যাকেজিং শিল্পে ব্যাপক নয়। ২০০০ মে.টন কার্টন তৈরীতে সহগ অনুযায়ী স্টার্চ প্রয়োজন হয় মাত্র ৭০-৭৫ মে.টন। সুতরাং এখানে অপব্যবহারের সুযোগ অত্যন্ত সীমিত। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (দক্ষিণ) জানান, স্টার্চ এমন একটি উপকরণ যেটি প্যাকেজিং এর পাশাপাশি অন্যান্য শিল্পেও ব্যবহারের সুযোগ রয়েছে। তবে, এ কারণটিকে বড় করে দেখে সামগ্রিকভাবে প্যাকেজিং শিল্পের ক্ষেত্রে স্টার্চ এর প্রাপ্যতাকে নিরুৎসাহিত করা সমীচীন নয়। যুক্তিসঙ্গতভাবে প্রাপ্যতা প্রদান সাপেক্ষে বিভিন্ন এইচ.এস.হেডিং এর আওতায় আমদানিকৃত/মডিফাইড স্টার্চ খালাসকরণের ঝুঁকি কমানো সম্ভব। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (উত্তর) ও এ কথার সাথে একমত পোষণ করে বিভিন্ন এইচ.এস হেডিং ভুক্ত স্টার্চ/মডিফাইড স্টার্চ এর বিপরীতে বন্ডের আওতায় যৌক্তিকভাবে প্রাপ্যতা প্রদানের পক্ষে মত প্রকাশ করেন। অতি:কমিশনার, কাস্টম হাউস-চট্টগ্রাম বলেন, সেক্ষেত্রে ১১.০৮ এবং ৩৫.০৫ (ফুড গ্রেড) এর বিপরীতে বর্তমানে প্রাপ্যতা প্রদানের যে প্রতিবন্ধকতা রয়েছে তা দূর করে যৌক্তিকভাবে প্রাপ্যতা প্রদান করাই বাস্তবসম্মত। অন্যথায় বিদ্যমান জটিলতার অবসান ঘটবে না।

৮। এ পর্যায়ে সভাপতি মহোদয় কাস্টম হাউস এবং কাস্টমস বন্ড কমিশনারেট দপ্তরসমূহকে সকল ক্ষেত্রেই তাদের Discretion অনুযায়ী যেখানে যেভাবে প্রয়োজন হয়, সে অনুযায়ী ঝুঁকি বিশ্লেষণ এবং নিরূপণ করে প্রযোজ্য ক্ষেত্রে intervention এর মাধ্যমে ঝুঁকি সর্বনিম্নকরণের প্রতি গুরুত্ব আরোপ করেন। Priority অনুযায়ী যৌক্তিকভাবে ঝুঁকি ব্যবস্থাপ্রনার মাধ্যমে যেন intervention করা হয় সেদিকে লক্ষ রাখার জন্য কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেন।

৯। সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে-

সিদ্ধান্ত: প্যাকেজিং শিল্পের ক্ষেত্রে বিভিন্ন গ্রেডের স্টার্চ ও মডিফাইড স্টার্চ ব্যবহারের প্রয়োজন হতে পারে বিধায় প্রযোজ্যতা অনুসারে প্যাকেজিং উৎপাদনকারী বন্ডেড প্রতিষ্ঠান সমূহের অনুকূলে বাংলাদেশে কাস্টমস ট্যারিফ সিডিউলের ১১ অধ্যায়ের ১১.০৮ হেডিং এবং ৩৫ অধ্যায়ের ৩৫.০৫ ও ৩৫.০৬ হেডিংভুক্ত স্টার্চ ও মোডিফাইড স্টার্চ এর বিপরীতে বন্ডের আওতায় আমদানি প্রাপ্যতা প্রদান করা যাবে। তবে এক্ষেত্রে অবশ্যই সহগ অনুযায়ী এবং ঝুঁকি ব্যবস্থাপনা পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে যৌক্তিকভাবে প্রাপ্যতার পরিমাণ নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে কোন বন্ড কমিশনারেট হতে পূর্বে ভিন্নতর কোন আদেশ জারি করা হলে তা বাতিল করা হবে।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সদস্য মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:
(হোসেন আহমদ)
সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি),
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক:
১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
৪-৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি (কমলাপুর)/বেনাপোল/মোংলা/পানগাঁও।
১০। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/ তারিখঃ ২৮/০৩/২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)
১। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩-৪। অফিস কপি/গার্ড কপি।

২৮/৩/২৩

(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com